

অষ্টম ব্যালন ডি'অর উঠলো মেসির হাতে

- A Monitor Desk Report

Date: 31 October, 2023



প্যারিস: অষ্টম বারের মতো ফুটবলারদের ব্যক্তিগত সর্বোচ্চ মর্যাদার পুরস্কার ব্যালন ডি'অর ট্রফি জিতলেন আর্জেন্টাইন মতাতারকা লিওনেল মেসি।

সোমবার ৯৩০ অক্টোবর) রাতে প্যারিসের শ্যালো থিয়েটারে জাঁকজমকপূর্ণ অনুষ্ঠানে তার হাতে এ পুরস্কার তুলে দেন সাবেক ইংলিশ তারকা ডেভিড ব্যাকহাম।

আরও পড়ুন: [রাজিলে উড়োজাহাজ বিধ্বস্ত, শিশুসহ নিহত ১২](#)

২০২২ সালের ১ আগস্ট থেকে ২০২৩ সালের ৩১ জুলাই সময়কে এবারের ব্যালন ডি'অরের জন্য বিবেচনায় নেয়া হয়েছে। এ সময়ে আর্জেন্টিনার হয়ে বিশ্বকাপ জেতার পাশাপাশি পিএসজির হয়ে ফ্রেন্স লিগ জিতেছেন মেসি। ইন্টার মায়ামির হয়েও ছিলেন দারুণ ছন্দে। বিশ্বকাপের সেরা খেলোয়াড়ের স্বীকৃতি হিসেবে গোল্ডেন বলও পেয়েছেন।

এদিকে পাঁচটি ব্যালন ডি'অর জিতে দ্বিতীয় অবস্থানে আছেন ক্রিস্টিয়ানো রোনালদো। অষ্টমবার এই পুরস্কার জিতে তাকে অনেকটা ছাড়িয়ে গেলেন মেসি। আর্জেন্টাইন তারকার সঙ্গে লড়াইয়ে ছিলেন আর্লিং হালান্দ। গত মৌসুমে সিটিকে ট্রেন্সফার জেতানোর পথে ৫৩ ম্যাচে তিনি করেছিলেন রেকর্ড ৫২ গোল।

সেরা দশের বাকিরা হচ্ছেন- কিলিয়ান এমবাপ্পে, কেভিন ডি ব্রুইন, রদ্রি, ভিনিসিয়ুস জুনিয়র, হলিয়ান আলভারেস, ভিক্টোর ওসিমহেন, বের্নারদো সিলভা ও লুকা মডরিচ।

আরও পড়ুন: [পর্যটক টানছে সাইবানি বিবির দরগা](#)

অপরদিকে, কোপা ট্রফি জিতেছেন ইংল্যান্ড ও রিয়াল মাদ্রিদ মিডফিল্ডার জুড বেলিংহাম। সেরা গোলরক্ষকের পুরস্কার ইয়াসিন ট্রফি জিতেছেন আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী এমিলিয়ানো মার্তিনেস। সফ্রেটস অ্যাওয়ার্ড জিতেছেন ব্রাজিল ও রিয়াল মাদ্রিদ তারকা ভিনিসিয়ুস জুনিয়র।

গত মৌসুমে ৫২ গোল করা আর্লিং হালান্ড জিতেছেন সেরা স্ট্রাইকারের পুরস্কার গার্ড মুলার ট্রফি। সেরা ক্লাব ম্যানচেস্টার সিটি।

-B